

	Title: আইএমএস পলিসি		
	Document Code: ISO/01/002-B		
	Org: RPCL	Effective Date: 10 Feb 19	Revision Status: 01

রুরাল পাওয়ার কোম্পানি লিমিটেড এর লক্ষ্য হচ্ছে, বাংলাদেশের জন্য মানসম্পন্ন ও সহজলভ্য বিদ্যুৎ উৎপাদন করা।


বিদ্যুৎ ব্যবহারের সুযোগ কাজে লাগিয়ে গ্রামীণ এলাকায় কৃষি উৎপাদন, শিক্ষা, এবং আর্থ-সামাজিক উন্নয়ন সাধন করে দেশের অর্থনৈতিক বুনয়াদ গঠনের মাধ্যমে গ্রামীণ জনগণের জীবনযাত্রার মানোন্নয়নে সহায়তা করাই আরপিসিএল এর মূলনীতি।

এ লক্ষ্য অর্জনে আরপিসিএল, দেশের প্রচলিত আইন কানুন এর সাথে সামঞ্জস্য রেখে ISO-9001:2015, 14001:2015 & ISO 45001:2018 Standard এর শর্তানুযায়ী Quality Management System (QMS), Environmental Management System (EMS) and Occupational Health & Safety (OHS) প্রতিষ্ঠা করেছে; যা সংক্ষিপ্তভাবে Integrated Management System (IMS) নামে পরিচিত।

সেবামূলক প্রতিষ্ঠান হিসেবে সর্বোচ্চ দক্ষতা ও কার্যকারীতা দিয়ে আরপিসিএল তার গ্রাহক ও সুবিধা প্রাপ্তদেরকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে থাকে। এ লক্ষ্যে আরপিসিএল ব্যয় সাশ্রয়ী বৈদ্যুতিক যন্ত্রপাতি ব্যবহারের মাধ্যমে বিশেষ প্রশিক্ষণপ্রাপ্ত জনবলের দ্বারা বিরামহীনভাবে বিদ্যুতায়ন কার্যক্রম চালিয়ে যাচ্ছে।

আমরা আরো প্রতিশ্রুতিবদ্ধ যে, কর্মস্থলে আমাদের সদস্যগণের শারীরিক স্বাস্থ্য, আঘাত ও পরিবেশ দূষণ প্রতিরোধ করবো। আমরা নিশ্চিত করবো আমাদের কাজের গুণগত মান, পরিবেশ, স্বাস্থ্য ও নিরাপত্তা ব্যবস্থাপনা পদ্ধতির যথাযথ প্রয়োগ ও ক্রমাগত উন্নয়ন। আমাদের কর্মকাণ্ড পরিচালিত হবে পরিবেশ সম্মত উপায়ে এবং প্রযোজ্য আইনগত ও অন্যান্য চাহিদা পূরণের মাধ্যমে।

এ নীতি যখন যেভাবে প্রয়োজন পর্যালোচনা করে সংশোধন করা হবে। দক্ষ ও কার্যকরভাবে প্রতিষ্ঠানের লক্ষ্য ও উদ্দেশ্য সাধনে প্রণীত Integrated Management System (IMS)-এর সর্বাংশে ক্রমাগতভাবে মানোন্নয়ন করা হবে। এ IMS এর মর্মবাণী আরপিসিএল এর সদর দপ্তরস্থ সকলের নিকট পৌঁছানো হবে।

অনুমোদনকারী:

ম্যানেজিং ডিরেক্টর
তাং- ১০-০২-২০১৯